# Sanatan Dharma



**নর্মদাষ্টক**

প্রলয়কালে পৃথিবীর সমস্ত নদী এবং সমুদ্র মহাসমুদ্রে লয় হয়ে যায়, তাদের স্ব স্ব সত্তার বিলুপ্তি ঘটে। কিন্তু সপ্তকল্পান্তজীবী মহামুনি মার্কণ্ডেয় দেখেছেন, সাত সাতটি কল্পান্তের মহাপ্রলয়েও নর্মদার সত্তার বিলুপ্তি ঘটেনি। সমস্ত কল্পেই তিনি স্বমহিমায় বিরাজিতা।
ন মৃতা তেন নর্মদা’ কোনো অবস্থায় তিনি ক্ষীণ হন না, তাঁর মৃত্যু ঘটে না, তাই তাঁর নাম নর্মদা।
নর্মদা হলেন জীবন্তশংকর ভাষ্য, নমর্দাক্ষেত্র প্রত্যক্ষ শিবতীর্থ। কাশীতে মৃত্যু হলে মুক্তি হয়, গঙ্গাতীরে মৃত্যু হলে জীবের ঊর্ধ্বগতি হয়, কিন্তু তপস্যায় সিদ্ধিলাভ করতে হলে জীবমুক্তির আনন্দ আস্বাদন করতে হলে তাকে যেতে হবে নমর্দায়।
তাই শাস্ত্রে বলা হয়েছে “নর্মদায়াং তপঃ কুর্যাৎ মরণং জাহ্নবীতটে।”
এই নর্মদা তীরে কত সাধক তপস্যা করে সিদ্ধিলাভ করেছেন। এখানে দীর্ঘ চল্লিশ বছর তপস্যা করেছিলেন ঠাকুর শ্রীরামকৃষ্ণ পরমহংসদেবের গুরু তোতাপুরীজী। এই স্থানেই আচার্য শঙ্করাচার্যের গুরু গোবিন্দপাদজী বহু বছর নির্বিকল্প অবস্থায় সাধনা করেছিলেন। শঙ্করাচার্যও তাঁর সাধনক্ষেত্র হিসেবে বেছে নিয়েছিলেন নর্মদাতীরের ওমকারেশ্বরকে।
নর্মদাষ্টক
শ্রীমদ ভগবদ্পাদ শঙ্করাচার্য্য রচিতম

Published on: Apr, 02 2023 10:15

সবিন্দু- সিন্ধুসুস্থলত্তরঙ্গভঙ্গ রঞ্জিতম্ ,
দ্বিষৎসু পাপজাতজাতকারিবারিসংযুতম্।
কৃতান্তদূতকালভূত-ভীতিহারি বর্মদে,
ত্বদীয় পাদ পঙ্কজং নমামি দেবী নর্মদে। ।
ত্বদম্বুলীন-দীনমীন-দিব্য-সম্প্রদায়কং ,
কলৌ মলৌঘভারহারি সর্ব্বতীর্থ নায়কম্।
সুমচ্ছ কচ্ছ-নক্র-চক্র চক্র বাক শর্মদে,
তদ্বীয় পাদ পঙ্কজং নমামি দেবি নর্মদে। ।
মহাগভীর-নীরপুর পাপধূত ভূতলং,
ধনৎসমস্ত -পাতকারি -দারিতাপদাচলম্।
জগল্লয়ে মহাভয়ে মৃকণ্ডুসূনু হর্মদে,
ত্বদীয় পাদ পঙ্কজং নমামি দেবী নর্মদে। ।
গতং তদৈব মে ভয়ং তদম্বু বীক্ষিতং যদা
মৃকণ্ডুসূনুশৌনকাসুরারি সেবি সর্বদা।
পুনর্ভবাব্ধিজন্মজং ভবাব্ধি দুঃখ বর্মদে
ত্বদীয় পাদ পঙ্কজং নমামি দেবী নর্মদে। ।
অলক্ষ লক্ষকিন্নরামরাসুরাদি পূজিতং
সুলক্ষ-নীর-তীর-ধীরপক্ষি লক্ষ কূজিতম্।
বশিষ্ঠ-শিষ্ঠ পিপ্পলাদ-কর্দমাদি শর্মদে,
ত্বদীয় পাদ পঙ্কজং নমামি দেবী নর্মদে। ।
সনৎকুমার-নাচিকেত -কশ্যপাত্রিষিটপদৈ
ধৃতং স্বকীয় মানসেষু নারদাদিষিটপদৈঃ,
রবিন্দুরন্তিদেবে-দেবরাজ কর্মশর্মদে
ত্বদীয় পাদ পঙ্কজং নমামি দেবী নর্মদে। ।
অলক্ষ-লক্ষ -লক্ষপাপ-লক্ষসারসায়ুধং
ততস্তু জীবজন্তুতন্ত-ভুক্তি-মুক্তিদায়কম্।
বিরিঞ্চি-বিষ্ণু-শঙ্কর স্বকীয় ধাম শর্মদে
ত্বদীয় পাদ পঙ্কজং নমামি দেবী নর্মদে। ।
অহোঅমৃতং স্বনং শ্রুতং মহেশকেশজাতটে
কিরাতসূতবাড়বেষু পন্ডিতে শঠে নটে।
দুরন্তপাপতাপহারি সর্বজন্তু শর্মদে,
ত্বদীয় পাদ পঙ্কজং নমামি দেবী নর্মদে। ।
ইদং তু নর্মদাষ্টকং ত্রিকালমেব যে সদা
পঠন্তি তে নিরন্তরং ন যান্তি দুর্গতিং কদা।
সুলভ্য দেহদুর্লভং মহেশ ধাম গৌরবং
পুনর্ভবা নরা ন বৈ বিলোকয়ন্তি রৌরবং।।
হর হর নর্মদে। হর হর নর্মদে। হর হর নর্মদে।
ওঁ জয় জয় শ্রীমৎ শঙ্করাচার্য্য বিরচিতং নর্মদাষ্টক স্তোত্রং সম্পূর্ণম্।।